# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৮

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ১. খাওয়ার পূর্বে বিসমিল্লাহ বলা

## بَاب فِي التَّسْمِيَةِ عَلَى الطَّعَامِ

### আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا هِشَامٌ عَنْ بُدَيْلٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَأْكُلُ طَعَامًا فِي سِتَّةِ نَفَرٍ مِنْ أَصْحَابِهِ فَجَاءَ أَعْرَابِيٌّ فَأَكَلَهُ بِلُقْمَتَيْنِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَا إِنَّهُ لَوْ ذَكَرَ اسْمَ اللَّهِ لَكَفَاكُمْ فَإِذَا أَكَلَ أَحَدُكُمْ فَلْيَذْكُرْ اسْمَ اللَّهِ فَإِنْ نَسِيَ أَنْ يَذْكُرَ اسْمَ اللَّهِ فَلْيَقُلْ بِسْمِ اللَّهِ أَوَّلَهُ وَآخِرَهُ

### বাংলা

২০৫৮. আয়িশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া-সাল্লাম তাঁর সাহাবীগণের সাতজনের একটি দলের সাথে বসে খাদ্য খাচ্ছিলেন। এমন সময় একজন আ'রাবী (বেদুঈন) এসে দু' দু' লুকমা করে খেতে আরম্ভ করলো। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া-সাল্লাম বললেন: “যদি সে (খাওয়ার সময়) ’বিসমিল্লাহ’ বলতো, তবে তা-ই তোমাদের জন্য যথেষ্ট হয়ে যেতো। তাই যখন তোমাদের কোন ব্যক্তি খাওয়া শুরু করে, তখন সে যেন বিসমিল্লাহ বলে। আর যদি সে (খাওয়ার শুরুতে) ’বিসমিল্লাহ’ বলতে ভুলে যায় তবে সে যেন বলে- ’বিসমিল্লাহি আওয়ালাহু ওয়া আখিরাহু’ (এর শুরু ও শেষ আল্লাহ তা’আলার নামে)।”[1]

### ফুটনোট

[1] তাহক্কীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫২১৪; মাওয়ারিদুয যাম’আন ১৩৪১ তে। ((আবূ দাউদ, আতইমাহ ৩৭৬৭; তিরমিযী, আতইমাহ ১৮৫৮।– ফাওয়ায আহমেদের তাহক্বীককৃত দারেমী নং ২০২০ এর টীকা হতে।–অনুবাদক।))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82341

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন